১২/৮/২০০১

দৈনিক ইনকিলাব

# খুলনা বিশ্ববিদ্যালয় অচল হওয়ার উপক্রম

**খুলনা ব্যুরো ঃ** সন্ত্রাস ও সেসনজটমুক্ত দেশের অন্যতম খুলনা বিশ্ববিদ্যালয়টি অচল হওয়ার উপক্রম হয়েছে। শিক্ষকদের অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট, কর্মকর্তাদের চার দফা এবং কর্মচারীদের চার দফা দাবীতে খুলনা বিশ্ববিদ্যালয় এখন আন্দোলনের কেন্দ্রস্থলে পরিণত হয়েছে। আন্দোলনের কারণে কোন ডিসিপ্লিনে ক্লাস যেমন হয়নি, তেমনি একাডেমিক কার্যক্রম ভেঙ্গে পড়েছে। কর্মকর্তারা হুমকি দিয়েছে তাদের ৪ দফা ১৩ আগস্টের মধ্যে মেনে নেয়া না হলে তারাও অনির্দিষ্টকালের পূর্ণদিবস কর্মসূচী পালন করবে। এদিকে ভিসির মেয়াদ ২২ আগস্ট শেষ হচ্ছে। এই মুহূর্তে দাবী পূরণের আন্দোলনে নেমেছেন। খুলনা বিশ্ববিদ্যালয় কার্যত অচল হওয়ার পথে।